62

তারিখ 04 APR 1996
পৃষ্ঠা ৪ কলাম ৪

দৈনিক সংবাদ

# নম্বরের ভিত্তিতে ছাত্র ভর্তি বহু স্থানেই কার্যকর হয়নি, কারণ—

(নিজস্ব বার্তা পরিবেশক)

ছাত্রদলের নেতাদের হুমকি ও চাপের মুখে পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রী ভর্তির সরকারি সিদ্ধান্ত অনেক স্থানেই বাস্তবায়ন করা যায়নি। রাজধানীর নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানসহ দেশের বিভিন্ন কলেজে ছাত্রদলের নেতারা চাপ দিয়ে তাদের ইচ্ছামত ছাত্রছাত্রী ভর্তি করিয়েছে।

গত কয়েক বছরে সরকারি কলেজ-

ছাত্র ভর্তি ঃ পৃঃ ৬ কঃ ৪

## ছাত্র ভর্তি ঃ কার্যকর হয়নি

( ১ম পৃষ্ঠার পর )

গুলোতে ভর্তির প্রতিযোগিতা প্রচন্ডতর হয়ে যাওয়ায় কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সঙ্গে এক শ্রেণীর কোচিং সেন্টারের অবৈধ যোগসাজশে এবং বিভিন্ন মহলের তদ্বিরে ভর্তির প্রবণতা বেড়ে যায়। এ অবস্থা রোধ করতে সরকার গত বছর থেকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তি পদ্ধতি চালু করে।

কিন্তু এ পদ্ধতি চালুর পর পরই রাজধানীর তিতুমীর কলেজ, ইডেন কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয়তাবাদী ছাত্রদলের নেতারা তাদের পছন্দমতো ছাত্রছাত্রী ভর্তি করার জন্য কর্তৃপক্ষের প্রতি চাপ দেয়। জানা গেছে, প্রতিবছর এসব নেতা ছাত্রছাত্রীদের কাছ থেকে টাকার বিনিময়ে ভর্তির ব্যবস্থা করে দিয়ে আসছিল। কিন্তু নতুন সরকারি সিদ্ধান্তে তাদের এ ব্যবসার ওপর হাত পড়ে।

গত বছর কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির মৌসুমে তিতুমীর কলেজে ছাত্রদলের নেতাদের কথামতো ছাত্রভর্তি না করায় তারা অধ্যক্ষের কক্ষে কয়েকদিন তালা ঝুলিয়ে রাখে।

ছাত্রদলের নেতাদের হুমকিতে সরকারি সিদ্ধান্তের বাইরে তাদের ইচ্ছামত ছাত্রী ভর্তির উল্লেখযোগ্য ঘটনা ঘটে ইডেন কলেজে। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াসহ বিএনপি নেতাদের অত্যন্ত ঘনিষ্ঠ বলে পরিচিত একজন ছাত্রদল নেত্রী এই কলেজের ছাত্রী সংসদের ভিপি হওয়ায় তার চাপে কলেজে ইচ্ছামত ছাত্রী ভর্তি করানো হয়। ছাত্রদল নেত্রীদের কথা না শুনলে অধ্যক্ষা উপাধ্যক্ষাদেরকে রাজধানীর বাইরে বদলি করে দেয়ার হুমকিও দেয়া হয় বলে জানা গেছে।

কয়েকটি সূত্র জানায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজেও একইভাবে ছাত্রদল নেতাদের কথামতো অনেক ছাত্রছাত্রী ভর্তি করা হয়। এখানে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী নম্বরের ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তির পর ছাত্রদল নেতাদের চাপে অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তি করা হয়।

দেশের বিভিন্ন স্থানে যেসব কলেজের ছাত্র সংসদে ছাত্রদল ক্ষমতায় ছিল সেসব কলেজের প্রায় সবগুলোতেই এ ধরনের অবৈধ ভর্তি করানো হয়েছে বলে জানা গেছে।